# পরিচালকবৃন্দের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রহমানির রহিম
সম্মানিত শেয়ারহোল্ডারগণ, অতিথিবৃন্দ, সহকর্মীগণ এবং উপস্থিত সুধীবৃন্দ।
আস্‌সালামু আলাইকুম।
আমি পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আজিজ পাইপস্ লিমিটেডের ৩৮তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাচ্ছি এবং ৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং পরিচালকবৃন্দের প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি।

**১। কোম্পানির কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পর্যালোচনা ঃ**

আজিজ পাইপস্ লিমিটেড গুনগতমান সম্পন্ন ইউপিভিসি পাইপ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে পণ্যের গুণ ও মান বজায় রেখে উৎপাদন কার্যক্রম পরিচালনা করে আসছে এবং আগামিতে এ ধারা অব্যাহত থাকবে বলে আশা করি। আপনাদের আন্তরিক ভালোবাসায় ও সহযোগীতায় নানাবিধ সমস্যা থাকা সত্ত্বেও কোম্পানি সফলতার সাথে তার কার্যক্রম গতিশীল রেখেছে। আপনারা অবগত আছেন যে, বিগত ২ বছর কোম্পানি নীট মুনাফা অর্জন করায় ৫% স্টক লভ্যাংশ প্রদান করেছে। কোম্পানি ৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত অর্থবছরে ৪২,৫০,৯৬৮/- টাকা নীট মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে। পরিচালনা পর্ষদের বলিষ্ঠনেতৃত্বে গঠনমূলক নির্দেশনায় নানাবিধ প্রতিকুলতা থাকা সত্ত্বেও সফলতার ধারা অব্যাহত রেখে কোম্পানি চলতি বছরেও বিক্রয় কার্যক্রম বৃদ্ধি করতে সক্ষম হয়েছে।

**২। আর্থিক ফলাফল ঃ**

৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফল এবং বিগত পাঁচ বৎসরের আর্থিক ফলাফলের একটি তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলো ঃ

(টাকায়)

| বিবরণ | ৩০ জুন ২০১৯ | ৩০ জুন ২০১৮ | ৩০ জুন ২০১৭ | ৩০ জুন ২০১৬ | ২০১৫ সাল | ২০১৪ সাল |
|---|---|---|---|---|---|---|
| ১। বিক্রয় | ৩১১,১৩০,৯৪২ | ২৫২,৪৭৩,৮৫৬ | ২৩৩,৪৬৬,২৪৮ | ২১৭,৭৯৬,৩৯২ | ২১০,৪৯১,৫২৯ | ৩০৬,৯৫৬,৭৫৬ |
| ২। বাদঃ বিক্রিত পণ্যের ব্যয় | ২৭৬,৯১৭,৫৮৩ | ২২১,৯৩২,৩৫৭ | ২০৭,২৬২,৯১৬ | ২০১,০৩২,৭২৮ | ১৯৯,৬২৯,৪২৪ | ২৯০,৪০৯,২৬০ |
| ৩। মোট লাভ (১-২) | ৩৪,২১৩,৩৫৯ | ৩০,৫৪১,৪৯৯ | ২৬,২০৩,৩৩২ | ১৬,৭৬৩,৬৬৪ | ১০,৮৬২,১০৫ | ১৬,৫৪৭,৪৯৬ |
| ৪। বাদঃ পরিচালন খরচ | ২৮,৭৬৪,৮৮৭ | ২৬,৫৮৯,৪৮৭ | ২৩,১৩৯,৪৮৩ | ১৯,৭০৫,২১৭ | ১,৯৮,৪০,৬৭১ | ২,২৫,২৮,১৬০ |
| ৫। পরিচালন লাভ/(ক্ষতি) (৩-৪) | ৫,৪৪৮,৪৭২ | ৩,৯৫২,০১২ | ৩,০৬৩,৮৪৯ | (২,৯৪১,৫৫৩) | (৮৯,৭৮,৫৬৬) | (৫৯,৮০,৬৬৪) |
| ৬। প্রাক উৎপাদন খরচ সমন্বয় | - | - | - | ১৮,৩৬০,০৩১ | ১০,০০,০০০ | ১০,০০,০০০ |
| ৭। বাদঃ শ্রমিকদের মুনাফা তহবিল | ২৬২,১২০ | ১৯৭,৬০১ | ১৫৩,১৫৭ | - | -- | -- |
| ৮। বাদঃ আয়কর সঞ্চিতি | ৪৭১,৯৯২ | ২০৯,৪৭৮ | ১৫১,৯৮৩ | (১,৬৭৩,০৫৩) | ১,২০৩,৩০১ | ৫৮৮,৯৬৯ |
| ৯। পূর্ববর্তী বছরের সমন্বয় | ২৫৭,৫৬৪ | - | - | (৮,২৩৮,৪৮৩) | | |
| ১০। নীট লাভ/(ক্ষতি) | ৪,২৫০,৯৬৮ | ৩,৫৪৪,৯৩৩ | ২,৭৫৮,৭০৯ | (১১,৩৯০,০৪৮) | (৮,৭৭৫,২৬৫) | (৬,৩৯১,৬৯৫) |
| ১১। শেয়ার প্রতি আয় | .৮০ | .৭০ | .৫৭ | (২.৩৫) | (১.৮১) | (১.৩১) |

**৩। নীট মুনাফা বন্টন ঃ**

কোম্পানি ২০১৮-২০১৯ অর্থবছরে ৪২,৫০,৯৬৮/- টাকা নীট মুনাফা অর্জন করতে সামর্থ্য হয়েছে। পর্ষদ নিম্নবর্নিতভাবে উল্লেখিত নীট মুনাফা বন্টনের সুপারিশ করেছে;

ক) ২০১৮-২০১৯ আর্থিক বছরের জন্য প্রস্তাবিত ৭% নগদ লভ্যাংশ - ৩৭,৪২,৯৮৭.৫০ টাকা
খ) রিটেন আর্নিং হিসাবে স্থানান্তর - ৫,০৭,৯৮০.৫০ টাকা
নীট মুনাফা - ৪২,৫০,৯৬৮.০০ টাকা

**৪। লভ্যাংশ ঘোষণাঃ**

২০১৮-২০১৯ আর্থিক বছরে কোম্পানি ৪২,৫০,৯৬৮/- টাকা নীট লাভ করেছে। এবছরে নীট মুনাফা অর্জিত হলেও পুঞ্জীভূত লোকসানের পরিমান এখনও ৪৬৭,৯১১,৬৭০/- টাকা। ২০১৮-২০১৯ অর্থবছরে অর্জিত নীট মুনাফা থেকে বিএসইসি এর পত্র সূত্র নং-বিএসইসি/মূখপাত্র(৩য় খন্ড)/২০১১/১২৯ তারিখঃ ২ অক্টোবর ২০১৯ মোতাবেক বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে কোম্পানির পরিচালনা পর্ষদ ৭ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষনার প্রস্তাব করছে।

**৫। অন্তর্বতীকালীন লভ্যাংশ ঃ**

চলতি বছর লভ্যাংশ প্রদানের মত মুনাফা অর্জিত না হওয়ায় অন্তর্বতীকালীন লভ্যাংশ প্রদান করা হয়নি।

**৬। পরিকল্পনা বাস্তবায়নঃ**

পরিচালনা পর্ষদে কোম্পানির উন্নয়নকল্পে গৃহীত পরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নে বর্ণিত হলঃ

ক) BMRE এর অংশ হিসেবে কোম্পানি ইতিমধ্যে হজ্ব ফাইনান্স কোম্পানি লিমিটেডের আর্থিক সহায়তায় একটি নতুন প্রোডাকশন লাইন ১,৬১,৩১,৮২০/- টাকায় ক্রয় করে কারখানায় স্থাপন করে উৎপাদন আরম্ভ করেছে।
খ) বিক্রয় কার্যক্রম প্রসার ও গতিশীল করার লক্ষ্যে চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও পটুয়াখালি এলাকায় বিক্রয় কার্যক্রম শুরু করেছে।

গ) সাউথইষ্ট ব্যাংক ও ন্যাশনাল ব্যাংক লিমিটেডের পুনঃতফসিলীকৃত ঋণ সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে।
ঘ) খরচ কমানোর পদক্ষেপ গ্রহণ করার ফলে আর্থিক সাশ্রয় হয়েছে, যা এখনও অব্যাহত আছে।
ঙ) সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে বিলম্বে পরিশোধের শর্তে কাঁচামাল ক্রয় করে উৎপাদন কার্যক্রম অব্যাহত রয়েছে।

**৭। ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

কোম্পানির কার্যক্রম বৃদ্ধি এবং প্রতিবন্ধকতা দূর করে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পর্ষদে ২০১৯-২০২০ আর্থিক বছরের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) ডাচ্ বাংলা ব্যাংক ও উত্তরা ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরণের জন্য আবেদন করা হয়েছে এবং চলতি মূলধন/তহবিল ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
খ) নিজস্ব উদ্যোগে কাঁচামাল আমদানী করে উৎপাদন খরচ কমানোর এবং বিক্রয় কার্যক্রম প্রসারের লক্ষ্যে বিক্রয় এলাকা বৃদ্ধিসহ বিক্রয় প্রতিনিধি নিয়োগ করে বিক্রয় কার্যক্রম বৃদ্ধির পদক্ষেপ অব্যাহত রাখা।

পরিকল্পনাসমূহ বাস্তবায়ন হলে আশা করি আমাদের কোম্পানির উৎপাদন ও বিক্রয় কার্যক্রম বৃদ্ধি করে লাভজনকভাবে সাফল্যের ধারা অব্যাহত রাখা সম্ভব হবে।

**৮। আগামি আর্থিক বছরের প্রত্যাশাঃ**

চলতি মূলধনের ব্যবস্থা গ্রহণ করা, উৎপাদন ক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে বিক্রয় কার্যক্রম প্রসারিত করে লাভের ধারা অব্যাহত রাখা।

**৯। কোম্পানির পণ্যসমূহ ঃ**

কোম্পানি আন্তর্জাতিক মান বজায় রেখে গুণগতমান সম্পন্ন ইউপিভিসি পাইপ ও পিভিসি প্রোফাইল তৈরী ও বাজারজাতকরণ কর্যক্রম অব্যাহত রেখেছে। বর্তমানে চলতি মূলধন সংকটের কারণে প্লাষ্টিক উডের উৎপাদন কার্যক্রম বন্ধ রয়েছে। কোম্পানি ফিটিংস তৈরী করে বাজারজাত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

**১০। বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষন, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফা ঃ**

ক) বিক্রিত পণ্যের ব্যয় ঃ চলতি বছরে বিক্রিত পণ্যের ব্যয় ছিল ২৭,৬৯,১৭,৫৮৩/- টাকা যা বিগত বছরে ছিল ২২,১৯,৩২,৩৫৭/- টাকা। চলতি বছরে বিক্রিত পণ্যের ব্যয় বেড়েছে ৫৪,৯৮,৫২৬/- টাকা।
খ) মোট মুনাফা ঃ ৩০ শে জুন ২০১৯ সমাপ্ত অর্থবছরে মোট বিক্রয় করেছে ৩১,১১,৩০,৯৪২/- টাকা। গত বছরের বিক্রয়ের পরিমান ছিল ২৫,২৪,৭৩,৮৫৬/- টাকা। এ বছর মোট মুনাফা হয়েছে ৩,৪২,১৩,৩৫৯/- টাকা যা গত বছর ছিল ৩,০৫,৪১,৪৯৯/- টাকা।
গ) নীট মুনাফা ঃ চলতি বছর কর পরবর্তী নীট মুনাফা অর্জিত হয়েছে ৪২,৫০,৯৬৮/- টাকা। বিক্রয় বৃদ্ধি ও বাকি টাকা উত্তোলন বেশী হওয়ায় এ বছর নীট মুনাফা বৃদ্ধি পেয়েছে।

**১১। উৎপাদিত পণ্যের ব্যয় ঃ**

চলতি বছর নিজস্ব উদ্যোগে সরাসরি L/C খুলে কাঁচামাল আমদানীর পরিমান কম থাকায় ও স্থানীয় সরবরাহকারী থেকে বেশী মূল্যে কাঁচামাল ক্রয় করার কারণে উৎপাদিত পণ্যের ব্যয়ের (COGS) হার তুলনামূলকভাবে কিছুটা বৃদ্ধি পেয়েছে।

**১২। খাতওয়ারি অথবা পণ্য ভিত্তিক ফলাফল ঃ**

পণ্য বিক্রয়ের বিবরণ আর্থিক প্রতিবেদনে ২২নং টিকায় দেওয়া আছে।

**১৩। গত বছরের পরিচালনগত ফলাফলের সহিত চলতি বছরের ব্যবধান ঃ**

গত বছরের তুলনায় চলতি বছরে বিক্রয় বৃদ্ধি হয়েছে ২৩.২৩ শতাংশ।

**১৪। মূলধনী বিনিয়োগ ঃ**

কোম্পানির উৎপাদন অব্যাহত রাখার জন্য চলতি বছরে প্রায় ২.৬৫ লক্ষ টাকার মূলধনী বিনিয়োগ হয়েছে।

**১৫। অস্বাভাবিক লাভ বা ক্ষতি ঃ**

এ বছর কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি সাধিত হয়নি। তবে একটি প্রোডাকশন লাইন স্থাপন করায় উৎপাদন বৃদ্ধি পেয়েছে, ফলে বিক্রয়ও বৃদ্ধি পাওয়ায় কিছুটা লাভ হয়েছে।

**১৬। আন্তঃ সম্পর্কিত কোম্পানির লেনদেন সমূহ ঃ**

এ বছর আন্তঃ সম্পর্কিত কোন লেনদেন সম্পন্ন হয়নি।

**১৭। কোম্পানির কর্পোরেট প্রতিবেদন ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের দিক নির্দেশানুযায়ী পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণকে নিশ্চিত করছে যে,

(ক) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী পরিষ্কারভাবে এর কাজের অবস্থা, ফলাফল ও অর্থ প্রবাহের অবস্থা স্বচ্ছতার সাথে তুলে ধরেছে।
(খ) কোম্পানির হিসাব যথাযথভাবে নথিভূক্ত করা হয়েছে এবং সেগুলি সংরক্ষিত আছে।
(গ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং সে বিবরণীসমূহ বিচক্ষণতার সাথে সম্পন্ন করা হয়েছে।
(ঘ) বাংলাদেশের জন্য গৃহীত আন্তর্জাতিক হিসাব মান (IAS) এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) অনুসরণ করে আর্থিকবিবরণীসমূহ তৈরী করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তাহা যথাযথভাবে প্রকাশ করা হয়েছে।
(ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সঠিকভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষন করা হয়েছে।
(চ) কোম্পানি একটি চলমান প্রকল্প হিসেবে চালু রয়েছে। টিকা-১.৭

(ছ) এ প্রতিবেদনে গত বৎসরের পরিচালন ফলাফল থেকে তাৎপর্যপূর্ণ বিচ্যুতির উপর আলোকপাত করা হয়েছে এবং তার কারণসমূহ ব্যাখ্যা করা হয়েছে।

(জ) পূর্ববর্তী পাঁচ বছরের আর্থিক ও পরিচালনার প্রধান তথ্যগুলি যথাযথভাবে সন্নিবেশিত হয়েছে।

(ঝ) ৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত অর্থবছরে পরিচালনা পর্ষদের মোট ৭টি সভা অনুষ্ঠিত হয়েছে, সভায় পরিচালকবৃন্দের উপস্থিতির বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক নং | পরিচালকগনের নাম | পদবী | সভা | উপস্থিতি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন গাজী | চেয়ারপারসন | ৭ | ৭ |
| ০২ | মোহাঃ আব্দুল হালিম | পরিচালক | ৭ | ৫ |
| ০৩ | মোঃ আহসান উল্লাহ্ | পরিচালক | ৭ | ৪ |
| | মোঃ মুকীত হালিম | বিকল্প পরিচালক | | |
| ০৪ | মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ৭ | ৬ |
| | মোঃ মোস্তাসিন হালিম | বিকল্প পরিচালক | | |
| ০৫ | মোঃ আমিনুল কাদের খান | পরিচালক | ৭ | ৭ |
| ০৬ | এ.টি.এম. আহমেদুর রহমান | পরিচালক | ৭ | ৫ |
| ০৭ | মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ৭ | ৭ |
| ০৮ | খন্দকার নূরুজ্জামান | স্বতন্ত্র পরিচালক | ৭ | ৭ |

যে সকল পরিচালকগণ সভায় উপস্থিত থাকতে পারেননি তাদের ছুটি পর্ষদ কর্তৃক অনুমোদন করা হয়েছে।

(ঞ) শেয়ার হোল্ডিং এর ধরন নিরীক্ষিত হিসাব বিবরনীর ৮নং টিকায় দেওয়া আছে।

i) কোম্পানির কোন সহযোগী প্রতিষ্ঠান নেই।

ii) পরিচালকগণ কর্তৃক ধারনকৃত শেয়ারের অবস্থা ৩০.০৬.২০১৯ইং তারিখে নিম্নরূপ ছিল।

| পরিচালকগণের নাম | পদবী | শেয়ার সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|---|
| মোহাঃ আব্দুল হালিম | উদ্যোক্তা পরিচালক | ১১০৪৪২ | ২.০৭ |
| মোঃ আহসান উল্লাহ্ | উদ্যোক্তা পরিচালক | ২২৮২৯৮ | ৪.২৭ |
| মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ২৫৭৭৯০ | ৪.৮২ |
| আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড | পরিচালক | ১২১২৬৬৬ | ২২.৬৮ |
| মোঃ কামাল হোসেন গাজী | আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড মনোনীত পরিচালক | ০ | ০ |
| মোঃ আমিনুল কাদের খান | | | |
| এ.টি.এম. আহমেদুর রহমান | | | |
| খন্দকার নূরুজ্জামান | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |
| মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |

প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা এবং তাদের স্ত্রীর শেয়ার মালিকানার অবস্থা ৩০.০৬.২০১৯ইং তারিখে নিম্নরূপ ছিল।

| ক্রমিক নং | নাম | শেয়ারের সংখ্যা | স্ত্রীর নাম | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ নুরুল আবছার<br>ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) ও<br>প্রধান অর্থ কর্মকর্তা | ০ | মিসেস নাজনীন আক্তার | ০ |
| ০২ | এ এইচ এম জাকারিয়া<br>সহঃ কোম্পানি সচিব | ০ | সাবরিনা নাইস | ০ |
| ০৩ | মোঃ রাশিদুল হাসান<br>অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা | ০ | প্রযোজ্য নয় | ০ |

iii) পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা ব্যতীত শীর্ষ ৫ (পাঁচ) জন বেতনভুগী কর্মকর্তার শেয়ার মালিকানার অবস্থা ৩০.০৬.২০১৯ইং তারিখে নিম্নরূপ ছিল।

| ক্রমিক নং | নাম | পদবী | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | শেখ ফরিদ আহমেদ | কারখানা ব্যবস্থাপক | ০ |
| ০২ | মোঃ মকবুল হোসেন | ব্যবস্থাপক (বিক্রয় ও বাণিজ্যিক) | ০ |
| ০৩ | দীদার উদ্দিন আহমেদ | উৎপাদন ব্যবস্থাপক | ০ |
| ০৪ | মোঃ মোস্তফা কামাল | সহঃ কারখানা ব্যবস্থাপক | ০ |
| ০৫ | মোঃ সিরাজুল ইসলাম | নির্বাহী প্রকৌশলী | ০ |

iv) কেবলমাত্র আইসিবি ইউনিট ফান্ড ১০ শতাংশের বেশী শেয়ার ধারণ করছে।

**১৮। পরিচালকবৃন্দের অবসর ও পুনর্নির্বাচন ঃ**

i) পরিচালকদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত বার্ষিক প্রতিবেদনের ৭ ও ৮নং পৃষ্ঠায় সংযুক্ত আছে।

ii) পরিচালকদের অভিজ্ঞতা তাহাদের জীবন বৃত্তান্তে উল্লেখ আছে।

iii) ২০১৮-২০১৯ অর্থবছরে নিম্নলিখিত ব্যক্তিবর্গ কোম্পানির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

| ক্রমিক নং | পরিচালকগনের না ম | পদবী | কার্যকাল | কমিটি পদ |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ কামাল হোসেন গাজী | পরিচালক | ১৮/০১/২০১৭ তারিখ থেকে ২৭/১০/২০১৯ পর্যন্ত পর্ষদে ছিলেন। | |
| ০২ | মোহাঃ আব্দুল হালিম | পরিচালক | উদ্যোক্তা | |
| ০৩ | মোঃ আহসান উল্লাহ্ | পরিচালক | উদ্যোক্তা | |
| ০৪ | মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | কার্যক্রম শুরুথেকে পর্ষদে আছেন | |
| ০৫ | মোঃ আমিনুল কাদের খান | পরিচালক | ২৮/০৪/২০১৬ তারিখ থেকে পর্ষদে আছেন | সদস্য, NRC |
| ০৬ | এ.টি.এম. আহমেদুর রহমান | পরিচালক | ২৭/১০/২০১৬ তারিখে থেকে পর্ষদে আছেন | সদস্য, অডিট কমিটি |
| ০৭ | খন্দকার নূরুজ্জামান | স্বতন্ত্র পরিচালক | ২৮/০৪/২০১৯ তারিখ থেকে ২য় মেয়াদে পর্ষদে আছেন | চেয়ারপারসন, NRC |
| ০৮ | মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ৩১/০৫/২০১৮ তারিখ থেকে পর্ষদে আছেন | চেয়ারপারসন, অডিট কমিটি |

উদ্যোক্তা পরিচালক জনাব মোঃ আহসান উল্লাহ্ এবং আইসিবি মনোনিত পরিচালক জনাব মোঃ আমিনুল কাদের খান কোম্পানির সংঘ বিধির ১২৮ ও ১২৯ ধারা অনুযায়ী পরিচালক পদ থেকে অবসর নিয়েছেন এবং উক্ত বিধির ১৩০ ধারা অনুযায়ী পুনর্নির্বাচনের ইচ্ছে প্রকাশ করেন, যোগ্যবিধায় তাহাদেরকে পুনর্নিয়োগের সুপারিশ করা হ'ল। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/২০০৬-১৫৮/২০৭/Admin/৮০ তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition ১.(২) (ব) মোতাবেক স্বতন্ত্র পরিচালকগণ ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হওয়ায় স্বতন্ত্র পরিচালক জনাব খন্দকার নূরুজ্জামান ও জনাব মোঃ নূরুল হক কে অবসর ও পুনর্নির্বাচনের আওতায় নেওয়া হয়নি।

**১৯। চেয়ারপারসন পদে মনোনয়ন প্রদান ঃ**

আইসিবি কর্তৃক মনোনিত কোম্পানির চেয়ারপারসন জনাব মোঃ কামাল হোসেন গাজীর পরিবর্তে জনাব মোঃ রিফাত হাসান কে মনোনয়ন প্রদান করায় কোম্পানির পরিচালনা পর্ষদের ২২৯তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আইসিবি কর্তৃক মনোনীত পরিচালক জনাব মোঃ রিফাত হাসান কে চেয়ারপারসন হিসাবে মনোনয়ন প্রদান করেছেন। যাহা অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করছে।

**২০। স্বতন্ত্র পরিচালক পুনর্নিয়োগ অনুমোদন ঃ**

কোম্পানির স্বতন্ত্র পরিচালক জনাব খন্দকার নূরুজ্জামান এর প্রথম মেয়াদ শেষ হওয়ায় কোম্পানির পরিচালনা পর্ষদের ২২৬তম সভায় জনাব খন্দকার নূরুজ্জামান কে সর্বসম্মতিক্রমে স্বতন্ত্র পরিচালক হিসেবে ২য় মেয়াদে ৩ বৎসরের জন্য পুনরায় নিয়োগ প্রদান করা হয়েছে। যাহা অনুমোদনের জন্য বার্ষিক সভায় প্রস্তাব করছে।

**২১। ব্যবস্থাপনা পরিচালকের চলতি দায়িত্ব ঃ**

পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক গত ৩০-০৪-২০১৪ তারিখ থেকে কোম্পানির প্রধান অর্থ কর্মকর্তা জনাব মোঃ নূরুল আবছার ব্যবস্থাপনা পরিচালকের চলতি দায়িত্ব পালন করছেন।

**২২। চলমান ব্যবসায়-প্রতিষ্ঠান ঃ**

পরিচালনা পর্ষদ প্রত্যাশা করে যদি কোম্পানি তার উৎপাদন ক্ষমতার যথাযথ ব্যবহার ও অবকাঠামোগত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে পারে তাহলে অত্র কোম্পানি ভবিষ্যতেও তার কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যেতে সক্ষম হবে। এ জন্য আর্থিক বিবরণী প্রস্তুতকালে একটি চলমান ধারাবাহিক প্রতিষ্ঠান হিসাবে গণ্য করে বিবরণী প্রস্তুতের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

**২৩। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ঃ**

কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি বিদ্যমান আছে কমিটি নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করছে এবং এক্ষেত্রে একজন অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা দায়িত্ব পালন করছেন।

**২৪। মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন ঃ**

কোম্পানিতে কর্মরত সকলেই কোম্পানির জন্য মূল্যবান সম্পদ। কর্মকর্তা কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সার্বিক মান ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কারিগরি, তথ্য প্রযুক্তিগত ও আধুনিক প্রশিক্ষণে প্রশিক্ষিত করে পেশাগত জ্ঞানে দক্ষ করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করেছে। প্রশিক্ষিত জনবল উৎপাদন প্রক্রিয়ায় সার্বিক মান নিয়ন্ত্রনের মাধ্যমে গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদন করে এবং গ্রাহক সেবা সমুন্নত রাখতে কোম্পানি আন্তরিক।

**২৫। প্রাথমিক গনপ্রস্তাব (আইপিও)/পুনঃগনপ্রস্তাব (আরপিও)/রাইট অফার (আরও) ঃ**

কোম্পানিতে আলোচ্য সময়ে প্রাথমিক গনপ্রস্তাব, পুনঃগনপ্রস্তাব ও রাইট অফার সংক্রান্ত কার্যাদি সংগঠিত হয়নি।

**২৬। পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হইতে প্রাপ্ত তহবিলের ব্যবহারঃ**

এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু করা হয়নি।

**২৭। ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদনের মধ্যে পরিবর্তন ঃ**

আলোচ্য সময়ের বার্ষিক প্রতিবেদনের সাথে ত্রৈমাসিক প্রতিবেদনের উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়নি, তবে বার্ষিক প্রতিবেদনে চলতি বছর বিক্রয় বৃদ্ধির জন্য নীট মুনাফার পরিমান বৃদ্ধি পেয়েছে, তাছাড়া বিক্রয়লব্ধ টাকা আদায়ের পরিমান বৃদ্ধি ও কাঁচামাল সরবরাহকারীদেরকে পাওনা টাকা পরিশোধের পরিমান কম হওয়াতে পূর্ববর্তী বছরের তুলনায় NOCFPS বৃদ্ধি পেয়েছে।

**২৮। সমন্বিত আর্থিক হিসাব প্রস্তত ঃ**

কোম্পানির কর অবকাশ সুবিধা বিদ্যমান থাকার কারণে পূর্ববর্তী বছরগুলোতে ইউনিট অনুসারে হিসাব প্রতিবেদন প্রস্তুত করে আসছিল। বর্তমানে কর অবকাশ সুবিধা বিদ্যমান না থাকার কারণে ইউনিট অনুসারে আর্থিক প্রতিবেদন প্রস্তুতের আবশ্যকতা না থাকায় আর্থিক হিসাবের সার্বিক চিত্র ঠিক রেখে ২০১৮-২০১৯ আর্থিক বছরের হিসাব প্রতিবেদন সমন্বিতভাবে প্রস্তুত করা হয়েছে।

**২৯। প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ**

আজিজ পাইপস্ লিঃ সর্বদাই সকল প্রকার আইন ও নীতিমালা এবং কর্পোরেট গভর্নেন্স কোড পরিপালনে অঙ্গীকারাবদ্ধ। প্রাতিষ্ঠানিক সুশাসন চলমান রাখার নিমিত্তে কোম্পানি বিএসইসি, ডিএসই, সিএসই ও অন্যান্য সরকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম ও আইনকানুন কঠোরভাবে পালন করে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত নোটিফিকেশন মোতাবেক কর্পোরেট গভর্নেন্স কোড পরিপালন সম্পর্কিত বিষয়ে ৩৭তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিরীক্ষা প্রতিষ্ঠান মেসার্স এফএএমইএস এন্ড আর, চার্টার্ড একাউন্ট্যান্টস কে নিয়োগ করা হয়েছে।

**৩০। বহিঃনিরীক্ষক নিয়োগ ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশ নং-SEC/CMRRCD/2009-193/174/Admin/ /61 তারিখ ০৮ জুলাই ২০১৫ইং অনুযায়ী কমিশন কর্তৃক অনুমোদিত নিরীক্ষক প্যানেল থেকে নিরীক্ষক নিয়োগ করতে হবে। বর্তমান নিরীক্ষক মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং বিগত তিন বছর নিরীক্ষা কার্যসম্পাদন করছে বিধি মোতাবেক পরবর্তী বছর নিরীক্ষা কার্যসম্পাদন করতে পারবেনা। এমতাবস্থায়, ২০১৯-২০২০ আর্থিক বছরের জন্য নিম্নোক্ত নিরীক্ষা প্রতিষ্ঠানসমূহ নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য আবেদন করেছে, যা বিবেচনার জন্য প্রস্তাব করছে।

| ক্রমিক নং | নিরীক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|
| ০১ | মেসার্স আতা খান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস |
| ০২ | মেসার্স এফএএমইএস এন্ড আর, চার্টার্ড একাউন্ট্যান্টস |
| ০৩ | মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস |

পরিচালনা পর্ষদ উল্লেখিত তিনটি কোম্পানির আবেদন পর্যালোচনা করে এবং নিরীক্ষা কমিটির সুপারিশের আলোকে বার্ষিক ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা পারিশ্রমিকে মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে ২০১৯-২০২০ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সুপারিশসহ উপস্থাপন করছে।

**৩১। CGC পরিপালন বিষয়ে নিরীক্ষক নিয়োগঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখ জুন ৩, ২০১৮ অনুযায়ী Corporate Governance Code সমূহ কোম্পানী পরিপালন করেছে কিনা উক্ত বিষয়ে নিরীক্ষক বার্ষিক সাধারণ সভায় নিয়োগ করতে হবে। ২০১৯-২০২০ অর্থ বছরের CGC পরিপালন সম্পর্কিত বিষয়ে নিম্নলিখিত নিরীক্ষা প্রতিষ্ঠানগুলি নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য পারিশ্রমিক উল্লেখ পূর্বক আবেদন করেছে। নিম্নোক্ত প্রতিষ্ঠান সমূহের মধ্যে ১টি প্রতিষ্ঠানকে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হ'ল।

| ক্রমিক নং | নিরীক্ষা প্রতিষ্ঠানের নাম | পারিশ্রমিক |
|---|---|---|
| ১ | আতিক খালেদ চৌধুরী, চার্টার্ড একাউন্ট্যান্টস | ২৫,০০০/- |
| ২ | মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস | ২৫,০০০/- |
| ৩ | মেসার্স হক ফজলুল এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস | ২৪,০০০/- |
| ৪ | মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস | ১৫,০০০/- |

**৩২। নিরীক্ষা কমিটি ঃ**

নিরীক্ষা কমিটি তিনজন পরিচালক নিয়ে গঠিত। স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক কমিটির চেয়ারপারসনের দায়িত্ব পালন করছেন। নিরীক্ষা কমিটির উদ্দ্যেশ্য হচ্ছে কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুনির্দিষ্ট ও সুচারুরূপে পরিচালনা নিশ্চিত করা এবং পরিচালনা পর্ষদকে তথ্য প্রদান করে সহযোগিতা করা। তাছাড়াও বার্ষিক হিসাব বিবরণী ও ত্রৈমাসিক (Quarterly) হিসাব বিবরণী সমূহ পর্যালোচনা করে মতামতসহ পরিচালনা পর্ষদে উপস্থাপনের সুপারিশ করে থাকে।

**৩৩। নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটি (NRC) ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition No. ৬ মোতাবেক কোম্পানির বোর্ডে সাব কমিটি হিসেবে Nomination and Remuneration Committee (NRC) দায়িত্ব পালন করছে। ২০১৮-১৯ আর্থিক বছরে কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে, সভায় কমিটির দায়িত্ব কার্যবলী সম্পর্কে অবহিত হয়েছে। ইহাছাড়াও উর্ধ্বতন কর্মকর্তাদের বেতনভাতাদি বৃদ্ধি করার সুপারিশ পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে।

**৩৪। জাতীয় কোষাগারে অবদান ঃ**

কোম্পানি আলোচ্য সময়ে জাতীয় কোষাগারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৪.৭০ কোটি টাকা কর/ভ্যাট/শুল্ক প্রদান করেছে।

**৩৫। আর্থিক বিবৃতির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা (সিএফও) আর্থিক প্রতিবেদনের দায়বদ্ধতা ঃ**

আর্থিক বিবৃতি পরিক্ষা করা এবং সনদ প্রদান করা ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তার (সিএফও) দায়িত্ব। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা (সিএফও) অক্টোবর ২৮, ২০১৯ তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় সনদ উপস্থাপন করেন, যাহা বার্ষিক প্রতিবেদনে ১৭নং পাতায় সন্নিবেশিত করা হয়েছে। উল্লেখ্য যে, প্রধান আর্থিক কর্মকর্তা জনাব মোঃ নূরুল আবছার ব্যবস্থাপনা পরিচালক হিসেবে চলতি দায়িত্ব পালন করায় তিনি সনদে স্বাক্ষর করেছেন।

**৩৬। ঝুঁকি ব্যবস্থাপনাঃ**

আমাদের ব্যবসা প্রতিষ্ঠানের বাহ্যিক ও অভ্যন্তরীণ বিভিন্ন ঝুঁকি রয়েছে। ব্যাংক দায় পরিশোধের ক্ষেত্রে কোম্পানির ঝুঁকি রয়েছে। বিশেষ করে উত্তরা ব্যাংক লিঃ এর ক্ষেত্রে নিম্ন আদালতের রায় ব্যাংকের পক্ষে থাকার পর কোম্পানি আপত্তি জানিয়েছে যাহা বর্তমানে বিচারাধীন। ইহাছাড়া ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর ক্ষেত্রেও ঝুঁকি রয়েছে যাহা মোকাবেলা করতে হবে। তাছাড়া চলতি মূলধনের অভাব, প্রতিযোগী কোম্পানির সাথে প্রতিযোগিতা, আইনী বিষয় ইত্যাদি ক্ষেত্রে ঝুঁকি মোকাবেলার জন্য কোম্পানি প্রস্তুত রয়েছে। আজিজ পাইপস্ লিমিটেড ঝুঁকিসমূহ মোকবেলায় সার্বক্ষণিক পর্যবেক্ষণের মধ্যে রয়েছে। আশাকরি, কোম্পানি যথাযথ পদক্ষেপ গ্রহণ করে ঝুঁকিসমূহ কাটিয়ে উঠতে সামর্থ্য হবে।

**৩৭। পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ঃ**

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত আছেন।

**৩৮। প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিব ও প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা ঃ**

উপরোক্ত পদসমূহে পৃথক পৃথক কর্মকর্তা নিয়োজিত আছেন।

**৩৯। সামাজিক দায়বদ্ধতা ঃ**

প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন সময়ে দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ ও সাহায্য প্রদান এবং ফরিদপুরে মসজিদ উন্নয়নে সহায়তা অব্যাহত রয়েছে।

**৪০। পরিচালকদের সম্মানি ঃ**

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে মাসিক ১০,০০০/- টাকা সম্মানি প্রদান করা হয়। ইহাছাড়া স্বতন্ত্র পরিচালক ও অন্যান্য পরিচালকগন কেবলমাত্র পর্ষদ সভায় উপস্থিতির জন্য সম্মানি পেয়ে থাকেন, তাদেরকে আর কোন সম্মানি প্রদান করা হয় না।

**৪১। কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ৩ জুন ২০১৮ তারিখের Corporate Governance Code অনুযায়ী "কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট" বার্ষিক প্রতিবেদনের ১৮নং পাতায় প্রকাশ করা হয়েছে।

**৪২। কৃতজ্ঞতা স্বীকার ঃ**

পরিশেষে, কোম্পানিকে সকল প্রকার সহযোগিতা করার জন্য পরিচালকবৃন্দের পক্ষ থেকে আমি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, ক্রেতাবর্গ, ডিলারগণ, সরবরাহকারী, কর্মকর্তা কর্মচারীবৃন্দ, ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন এজেন্সীর কাছে কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আশা করি সকলের আন্তরিক সহযোগিতা ও প্রচেষ্টায় আগামীতেও কোম্পানির প্রবৃদ্ধি ও মুনাফা অর্জনে সাফল্যের ধারা অব্যাহত রাখতে পারবে। আল্লাহ্পাক আমাদের সহায় হোন।

ধন্যবাদান্তে,
পরিচালনা পর্ষদের পক্ষে,

**(মোঃ রিফাত হাসান)**
চেয়ারপারসন